ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

মুকসেদপুর, কিশোরগঞ্জ।

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০০৮.২২- ৮৮০

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ।
২৪ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগনের নিকট হতে সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

মালামাল ও বিজ্ঞপ্তির বিবরণ নিম্নরুপঃ

| ক্রম | মালামালের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | হার্ডওয়্যার মালামাল, লৌহ ও স্টীল জাতীয়, গাই ওয়্যার, টুলস এবং গাইগ্রীপ (স্টীল পোল ব্যতীত) | ১১,৬৪৪ কেজি | ১,০০০.০০ (এক হাজার) টাকা | দাখিলকৃত মূল্যের ২৫% | (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা। (২) কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ । | ২৫/০৭/২০২২ খ্রিঃ হতে ১৬/০৮/২০২২ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) | ১৭/০৮/২০২২ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১১:০০ ঘটিকা পর্যন্ত। | ১৭/০৮/২০২২ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১১:০৫ ঘটিকা পর্যন্ত। |
| ২ | ট্রান্সফরমার মেরামত পরবর্তী ব্যবহার অযোগ্য কোর ও স্টীল পাতি | ৫,০০০ কেজি | | | | | | |
| ৩ | এক ফেজ মিটার (এনালগ) | ৪,৪০০ টি | | | | | | |
| ৪ | এক ফেজ মিটার (ডিজিটাল) | ৩,৫৬৯ টি | | | | | | |
| ৫ | তিন ফেজ মিটার (ডিজিটাল) | ১৪৮ টি | | | | | | |
| ৬ | সিটি/ক্যাপাসিটর | ১০ টি | | | | | | |

## শর্তাবলী ঃ

০১॥ আগ্রহী দরদাতাগণ কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ০৪ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ উল্লেখিত সময়ে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাড/সাদা কাগজ-এ আবেদনের মাধ্যমে কিশোরগঞ্জ পবিস এর সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২॥ আগামী ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে দুপুর ১১.০০ টার মধ্যে **(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ** এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র একইদিন অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১১:০৫ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে অর্থাৎ নিজ নিজ দাখিলকৃত স্থানে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিসযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩॥ নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও উদ্ধৃত মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে/তারতম্য পরিলক্ষিত হলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। মোট উদ্বৃত্ত দর **অংকে ও কথায়** লিখতে হবে। নিলাম বিজ্ঞপ্তির সকল মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।

০৪॥ দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ নিলামদরদাতার দরকে গৃহীতদর বলে বিবেচনা করা হবে। নিলাম দরদাতাকে দর দাখিলের ক্ষেত্রে অবশ্যই সকল আইটেমেরই দর দাখিল করতে হবে। কোন একক আইটেমের দরপত্র বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **"কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অনুপযোগী মালামাল ক্রয়ের নিলাম দরপত্র সর্বশেষ সময়সীমার (১৭/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা ) এর পূর্বে খোলা যাবে না"** কথাটি লিখতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

০৫॥ নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে **"জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি"** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিরাপত্তা জামানত হিসেবে কোন ধরনের চেক গ্রহণযোগ্য হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬॥ কৃতকার্য নিলাম দরপত্র দাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭॥ কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট-৭.৫% ও আয়কর-১০% আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮॥ আগ্রহী দরদাতাগণ মালামালসমূহ ১৪/০৮/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করতে পারবেন।

০৯॥ "সমিতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অনুপযোগী মালামাল" সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০॥ উল্লেখিত শর্ত বর্হিভুত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১॥ কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২॥ আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট http://pbs.kishoreganj.gov.bd-এ দেখতে পারবেন।

১৩। উপরের শর্তাবলী ছাড়াও সকল শর্তাবলী বিস্তারিতভাবে নিলাম দরপত্র দলিলে বর্ণিত থাকবে।

২৪/৭/২২


(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার
ই-মেইলঃ kishpbs@yahoo.com
যোগাযোগ নম্বরঃ ০১৭৬৯-৪০০৫৩৩


**অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)**

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ
৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ সদর
৬) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবোরড, কিশোরগঞ্জ
৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, কিশোরগঞ্জ
৮) মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ
৯) সকল জোনাল অফিস ও সাব-জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস
১০) ডিজিএম (কারিগরী), কিশোরগঞ্জ পবিস
১১) এজিএম (অর্থ-হিসাব), কিশোরগঞ্জ পবিস
১২) এজিএম (আইটি-১/২), কিশোরগঞ্জ পবিস (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)
১৩) স্টোর কিপার, কিশোরগঞ্জ পবিস
১৪) মেসার্স-----------------------------, -----------------------------------।
১৫) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কিশোরগঞ্জ পবিস